
# মেটলাইফ থ্রি পেমেন্ট প্ল্যান (এমথ্রিপিপি)

এক (সুরক্ষা)-দুই (সঞ্চয়)-তিন (প্রয়োজন),
জীবন নিশ্চিন্ত, ভবিষ্যৎ ভাবনাহীন!




*১৮ বছর এবং তার অধিক মেয়াদী পলিসির জন্য প্রযোজ্য




MetLife

জীবনের পথে চলি একসাথে

# মেটলাইফ থ্রি পেমেন্ট প্ল্যান (এমথ্রিপিপি)

উন্নত জীবনের লক্ষ্যে প্রয়োজন ভবিষ্যতের আর্থিক সুরক্ষা, এবং সঞ্চয় এর জন্য প্রয়োজন একটি সঠিক পরিকল্পনা। অথচ, সঠিক পরিকল্পনার অভাবে আমাদের ভবিষ্যৎ থাকে অনিশ্চিত।

সঠিক পরিকল্পনা গ্রহণের মাধ্যমে জীবনযাপনের মানোন্নয়ন করার লক্ষ্যে যদি একটি বীমা পরিকল্পনা আপনার জীবনের বিভিন্ন ধাপে প্রয়োজনীয় অর্থ, ভবিষ্যৎ সুরক্ষা, এবং সঞ্চয় নিশ্চিত করার পাশাপাশি আপনার জীবিত অবস্থায় এবং মৃত্যুর পরেও আপনার পরিবারের উন্নত জীবনযাপন নিশ্চিত করে, তাহলে কেমন হয়?

মেটলাইফ বাংলাদেশ আপনার জন্যে নিয়ে এসেছে মেটলাইফ থ্রি পেমেন্ট প্ল্যান (এমথ্রিপিপি), যা সুরক্ষা এবং সঞ্চয়ের সমন্বয়ে আদর্শ একটি সমাধান। এই পলিসি-তে আপনি পাচ্ছেন অনন্য বীমা সুরক্ষা এবং আকর্ষণীয় মেয়াদপূর্তি মূল্য।

## মেটলাইফ থ্রি পেমেন্ট প্ল্যান (এমথ্রিপিপি) কী?


মেটলাইফ থ্রি পেমেন্ট প্ল্যান (এমথ্রিপিপি) হলো একটি জীবন বীমা পলিসি, যা শুধুমাত্র আপনার বর্তমানেই নয় আপনার অবর্তমানেও পরিবারের উন্নত জীবনযাপন নিশ্চিত করে। মেটলাইফ থ্রি পেমেন্ট প্ল্যান-এ আপনি পাবেন আকর্ষণীয় মেয়াদপূর্তি মূল্য। তাছাড়া এই বীমা পলিসিটি আপনাকে অনন্য বীমা সুরক্ষার পাশাপাশি আরও অনেক সুবিধা দেয়।

## পলিসিটি কীভাবে কাজ করে?

মেটলাইফ থ্রি পেমেন্ট প্ল্যান-এর অনন্য একটি বৈশিষ্ট্য হচ্ছে, এই পলিসিটির মাধ্যমে আপনি মেয়াদপূর্তি বা পলিসি মেয়াদ শেষ হবার আগেই দুই কিস্তিতে (২৫% + ২৫%) অভিহিত মূল্যের ৫০% পেয়ে যাবেন। এমথ্রিপিপি পলিসিটি শুধুমাত্র বীমা গ্রাহক জীবিত থাকাকালীন সময়েই নয়, তার মৃত্যুর ক্ষেত্রে পলিসিটির সুবিধাগ্রাহী ব্যক্তির সুবিধা এবং মুনাফা প্রদান করে।

অন্যান্য সুবিধার পাশাপাশি জীবিত অবস্থায় আপনি তিনটি (৩) কিস্তির মাধ্যমে পলিসিটির বিভিন্ন সুবিধা পেতে পারেন। এছাড়াও বীমা চলাকালীন যেকোনো সময় পলিসিতে উল্লেখিত কোন কারণে বীমাকৃত ব্যক্তির মৃত্যু হলে ডেথ কভারেজ প্রদান করা হবে।

যেমনঃ




*১৮ বছর এবং তার অধিক মেয়াদী পলিসির জন্য প্রযোজ্য

## এক নজরে এই পলিসিটি

| | |
|---|---|
| যেসব মেয়াদে মেটলাইফ থ্রি পেমেন্ট প্ল্যান পলিসি পাওয়া যায়ঃ | মেটলাইফ থ্রি পেমেন্ট প্ল্যান **১২, ১৫, ১৮, ২১** অথবা **২৪** বছর মেয়াদে উপভোগ করা যাবে। |
| পলিসি নেওয়ার বয়সসীমাঃ | সর্বনিম্ন **৩০** (ত্রিশ) দিন বয়স থেকে সর্বোচ্চ **৬০** (ষাট) বছর বয়স পর্যন্ত যেকোনো ব্যক্তিকে মেটলাইফ থ্রি পেমেন্ট প্ল্যান পলিসি প্রদান করা যাবে।<br>২৪ বছর মেয়াদের পলিসির ক্ষেত্রে বীমাকৃত ব্যক্তির বয়স সর্বোচ্চ ৫৫ বছর হতে হবে। ২৪ বছর মেয়াদী পলিসি ব্যতীত সকল পলিসি মেয়াদের ক্ষেত্রে বয়সসীমাঃ **৩০ দিন – ৬০ বছর**<br>**৬০** (ষাট) বছরের অধিক বয়সের কোনও ব্যক্তি এই বীমা পলিসির জন্য বিবেচিত হবেন না। |
| সর্বোচ্চ এবং সর্বনিম্ন মূল অভিহিত মূল্য কেমন হবে? | পলিসিটি গ্রহণের জন্য বীমা গ্রাহকের নির্ধারিত সর্বনিম্ন অভিহিত মূল্য হতে হবে **২,০০,০০০** (দুই লক্ষ) টাকা। অপরদিকে সর্বোচ্চ অভিহিত মূল্য মেটলাইফ-এর প্রস্তাবিত নীতিমালা অনুযায়ী নির্ধারিত হবে। |
| শিশু বীমার ক্ষেত্রে সর্বোচ্চ এবং সর্বনিম্ন অভিহিত মূল্য | **৩০** দিন থেকে **৫** বছর বয়সী শিশুর ক্ষেত্রে সর্বনিম্ন অভিহিত মূল্য হবে **২,০০,০০০** (দুই লক্ষ) টাকা এবং সর্বোচ্চ অভিহিত মূল্য **২০,০০,০০০** (বিশ লক্ষ) টাকা পর্যন্ত হতে পারবে।<br>৬ বছর থেকে **১৫** বছর বয়সী বীমাকৃত ব্যক্তির ক্ষেত্রে সর্বনিম্ন অভিহিত মূল্য **২,০০,০০০** (দুই লক্ষ) টাকা এবং সর্বোচ্চ অভিহিত মূল্য **২৫,০০,০০০** (পচিশ লক্ষ) টাকা পর্যন্ত হতে পারবে। |
| প্রিমিয়াম প্রদানের ধরন | **মাসিক** / **ষাণ্মাসিক** / **ত্রৈমাসিক** / **বার্ষিক**<br>মাসিক প্রিমিয়াম প্রদানের ক্ষেত্রে প্রিমিয়াম **২,৫০০** টাকা এর কম হলে ইএফটি ডেবিট প্রযোজ্য হবে এবং পলিসির মূল ফেইস ভ্যালু (অভিহিত মূল্য) কমপক্ষে ৩ লক্ষ টাকা বা তার বেশি হতে হবে। |

## পুরো সময় জুড়ে এমথ্রিপিপি সুরক্ষা

বীমা চলাকালীন সময়ে বীমাকৃত ব্যক্তির মৃত্যু হলে এবং কোনো বকেয়া ঋণ না থাকলে, বীমা সুবিধাগ্রাহী (এক বা একাধিক) ব্যক্তি অভিহিত মূল্যের পুরোটাই পাবেন; ১ম কিংবা ২য় কিস্তির জন্য ডেথ কভারেজ-এর কোন পরিবর্তন হবে না। এমনকি ২য় কিস্তি প্রদানের পর বীমাকৃত ব্যক্তির মৃত্যু হলেও সুবিধাগ্রাহী (গণ) ডেথ কভারেজ পাবেন। ডেথ কভারেজ-এর ক্ষেত্রে ইতোমধ্যে পরিশোধিত কিস্তির টাকা বাদ দেয়া হয় না।

## মেয়াদপূর্তির পূর্বে অর্থ প্রদান

মেয়াদপূর্তির পূর্বে দুইটি কিস্তির মাধ্যমে গ্রহণকৃত অর্থ আপনি বিভিন্ন রকম প্রয়োজন মেটানোর জন্য ব্যবহার করতে পারবেন অথবা সর্বোচ্চ লাভের জন্য আপনার পছন্দমত যে কোন খাতে বিনিয়োগ করতে পারবেন। যেমনঃ

- মেটলাইফ থেকে অতিরিক্ত নিরাপত্তা সুবিধা কেনা
- আপনার ব্যবসায় পুনরায় বিনিয়োগ করা
- যেকোন জরুরি প্রয়োজনের খরচ মেটানো
- আপনার সন্তানের শিক্ষা ও বিয়ের জন্য খরচ করা
- বীমার ভবিষ্যৎ প্রিমিয়াম প্রদানে ব্যবহার করা
- সম্পত্তি কেনা, ইত্যাদি

## এমথ্রিপিপি পলিসি বোনাসসমূহ

**এই পলিসিতে দুই ধরনের বোনাস রয়েছে:** রিভার্শনারি বোনাস এবং টার্মিনাল বোনাস

পলিসির মেয়াদকালীন প্রতি বছরের রিভার্শনারি বোনাস (যদি ঘোষণা করা হয়ে থাকে) পলিসির মেয়াদপূর্তিতে বীমাকৃত ব্যক্তির (Insured) মৃত্যুজনিত বীমা দাবির ক্ষেত্রে প্রযোজ্য মেয়াদের জন্য প্রদান করা হবে। রিভার্শনারি বোনাস পলিসির সম্পূর্ণ অভিহিত মূল্যের উপর হিসাব করা হয়ে থাকে। পলিসিটি মেয়াদপূর্তির পূর্বে কোন কারণে প্রত্যর্পণ করলে রিভার্শনারি বোনাসের ক্যাশ ভ্যালু প্রদান করা হবে।

টার্মিনাল বোনাসের হার নির্ভর করে এই পলিসি চলাকালীন সময়ে বাজারে প্রচলিত বিনিয়োগলব্ধ হার এবং কোম্পানির নির্দিষ্ট ফান্ড (অংশগ্রহণকারী ফান্ড) এর পারফরম্যান্স এর উপর, যা পরিবর্তনশীল। উল্লেখিত বিষয়গুলো বিবেচনা সাপেক্ষে মেটলাইফ, প্রতি বছর টার্মিনাল বোনাসের হার ঘোষণা করবে। মেয়াদপূর্তিতে বা মৃত্যুজনিত বীমা দাবির ক্ষেত্রে, সর্বশেষ ঘোষণাকৃত বোনাস হার অনুযায়ী প্রযোজ্য মেয়াদের জন্য সর্বমোট টার্মিনাল বোনাস হিসাব করা হবে।

## ডেথ কভারেজ

### ১২ থেকে ১৫ বছর মেয়াদী পলিসির সুবিধাসমূহঃ

- ১০০% অভিহিত মূল্য (ঋণ ব্যতীত) + সঞ্চিত রিভার্শনারি বোনাস + টার্মিনাল বোনাস প্রদান

### ১৮ বছর এবং তারও অধিক মেয়াদী পলিসির সুবিধাসমূহঃ

- **পলিসি মেয়াদের প্রথম এক-তৃতীয়াংশ সময়কাল পর্যন্তঃ** ১০০% অভিহিত মূল্য (ঋণ ব্যতীত) + সঞ্চিত রিভার্শনারি বোনাস + টার্মিনাল বোনাস প্রদান
- **পলিসি মেয়াদের এক-তৃতীয়াংশ সময়কাল হতে দুই-তৃতীয়াংশ সময়কাল পর্যন্তঃ** ১২৫% অভিহিত মূল্য (ঋণ ব্যতীত) + সঞ্চিত রিভার্শনারি বোনাস + টার্মিনাল বোনাস প্রদান
- **পলিসি মেয়াদের দুই-তৃতীয়াংশ সময়কাল হতে মেয়াদপূর্তি পর্যন্তঃ** ১৫০% অভিহিত মূল্য (ঋণ ব্যতীত) + সঞ্চিত রিভার্শনারি বোনাস + টার্মিনাল বোনাস প্রদান

## অতিরিক্ত প্রিমিয়াম প্রদান করে ব্যক্তিগত দুর্ঘটনা বীমা নিরাপত্তা সুবিধা

আপনি যদি দুর্ঘটনাজনিত বীমা নিরাপত্তা সুবিধা গ্রহণের জন্য উপযুক্ত হন, তাহলে অতিরিক্ত প্রিমিয়াম প্রদান করে নিম্নে উল্লেখিত যে কোন ধরণের দুর্ঘটনাজনিত কারণে আপনার মৃত্যু হলে, বা শারীরিক অক্ষমতা তৈরি হলে অথবা কোন আঘাতের সম্মুখীন হলে মেটলাইফ নিম্নে বর্ণিত অতিরিক্ত সুবিধাসমূহ প্রদান করেঃ

| | |
|---|---|
| দুর্ঘটনাজনিত মৃত্যুতে সুবিধা | অভিহিত মূল্যের ১০০% |
| স্থায়ী পূর্ণাঙ্গ অক্ষমতায় সুবিধা | অভিহিত মূল্যের ১০০% |
| **নিচের ক্ষতিগুলোর ক্ষেত্রে স্থায়ী আংশিক অক্ষমতায় সুবিধা** | |
| একটি হাত, পা ও এক চোখের দৃষ্টি শক্তি | অভিহিত মূল্যের ১০০% |
| একটি হাত ও একটি পা | অভিহিত মূল্যের ১০০% |
| একটি হাত / পা ও এক চোখের দৃষ্টি শক্তি | অভিহিত মূল্যের ১০০% |
| উভয় কানের শ্রবণ শক্তি | অভিহিত মূল্যের ১০০% |
| বাক শক্তি | অভিহিত মূল্যের ১০০% |
| একটি হাত / পা | অভিহিত মূল্যের ৫০% |
| একটি চোখের দৃষ্টি শক্তি | অভিহিত মূল্যের ৫০% |
| বৃদ্ধাঙ্গুলি ও তর্জনী | অভিহিত মূল্যের ২৫% |
| মেডিকেল খরচ পরিশোধ | অভিহিত মূল্যের সর্বোচ্চ ১৫% |

ব্যক্তিগত দুর্ঘটনাজনিত বীমা নিরাপত্তা উপরের বর্ণিত হিসাব অনুযায়ী সর্বোচ্চ ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকা এবং তার আনুপাতিক হারে প্রদান করা হবে। তবে, এই দুর্ঘটনাজনিত বীমা নিরাপত্তা বেসিক পলিসির অভিহিত মূল্যের চেয়ে বেশি হতে পারবে না।

## বীমা তামাদি হলে

বর্ধিত সময় (প্রদেয় তারিখ হতে ৩১ দিন পর্যন্ত) পেরিয়ে যাওয়ার পরও প্রিমিয়াম প্রদান করা না হলে এবং ন্যূনতম ক্যাশ ভ্যালু অর্জিত না হলে বীমা থেকে কোন মূল্য/সুবিধা পাওয়া যাবে না।

## বীমা প্রত্যর্পিত হলে

বীমা পলিসি খোলার প্রথম দুই বছরের মধ্যে যেকোনো সময় প্রত্যর্পিত হলে কোন প্রত্যর্পণ মূল্য পাওয়া যাবে না। দুই বছর পর যেকোনো সময় প্রত্যর্পণ করা হলে, বীমা গ্রাহক বেসিক ক্যাশ ভ্যালু এবং রিভার্শনারি বোনাসের ক্যাশ ভ্যালু পাবেন।

## অন্যান্য আকর্ষণীয় বৈশিষ্ট্যসমূহ

- বীমা আবেদনপত্রে দেয়া আপনার তথ্যগুলো সঠিক হলে, আপনার প্রিমিয়াম কখনো বাড়বে না এবং বীমা সুবিধা ক্ষতিগ্রস্ত হবে না
- ক্যাশ ভ্যালু, পেইড-আপ মূল্য এবং বর্ধিত টার্ম বীমা মূল্যসমূহের গ্যারান্টি রয়েছে
- আপনার প্রয়োজনে ক্যাশ ভ্যালুর সর্বোচ্চ ৮৫% পর্যন্ত ঋণ নেয়ার সুযোগ রয়েছে
- অন্য সব জীবন বীমার মতই প্রদেয় প্রিমিয়াম আয়কর আইন অনুযায়ী অনুমোদনযোগ্য বিনিয়োগ

## এখনই কেন?

কেন এই জীবন বীমা এখনই নেয়া উচিত তার কিছু কারণ হলোঃ

## এখন খরচ অপেক্ষাকৃত কম

জীবন বীমা পলিসি নেয়ার সিদ্ধান্ত আপনি যত কম বয়সে নিবেন, বীমার প্রিমিয়ামের পরিমাণ কম হবার সম্ভাবনা তত বেশি থাকে।

## আপনি পরবর্তীতে এই বীমা করার যোগ্য নাও থাকতে পারেন

স্বাস্থ্যগত কারণে অথবা পেশা পরিবর্তন হওয়ায় আপনার পলিসি গ্রহণ করার যোগ্যতা বদলে যেতে পারে। এমনকি আপনার জীবনের কোন এক পর্যায়ে আপনি হয়তো বীমা ক্রয় করার বয়সসীমা অতিক্রম করে ফেলতে পারেন।

## অতিরিক্ত ঐচ্ছিক রাইডারসমূহ

**ডব্লিউ পি*ঃ** দুর্ঘটনা বা অসুস্থতাজনিত কারণে ছয় মাসের বেশি সময় পূর্ণাঙ্গভাবে শারিরীক অক্ষমতা তৈরি হলে পরবর্তী সকল প্রিমিয়াম মওকুফ

**এইচ সি*ঃ** আপনি এবং আপনার পরিবার দুর্ঘটনা বা অসুস্থতাজনিত কারণে হাসপাতালে ভর্তি হলে সাপ্তাহিক আর্থিক সুবিধা প্রদান

**মেডিকেয়ারঃ** মেডিকেয়ারের আওতায় আপনি বা আপনার পরিবারের সদস্য যদি কোন অসুস্থতা বা দুর্ঘটনাজনিত কারণে হাসপাতালে ভর্তি হন, তবে দৈনিক ন্যূনতম ১,০০০ (এক হাজার) টাকা এবং সর্বোচ্চ ২০,০০০ (বিশ হাজার) টাকা পর্যন্ত পেতে পারেন

**এ আই*ঃ** দুর্ঘটনাজনিত কারণে পূর্ণাঙ্গভাবে শারিরীক অক্ষমতা তৈরি হলে প্রতি ১,০০,০০০ (এক লক্ষ) টাকা অভিহিত মূল্যের জন্য সাপ্তাহিক ৭৫০ টাকা প্রদান

**সি সি*ঃ** যদি বীমা নিরাপত্তার আওতাভুক্ত ২৫টি মারাত্মক রোগের কোনটি পরীক্ষার মাধ্যমে নির্ণীত হয় বা উক্ত অসুস্থতা/স্বাস্থ্যগত অবস্থার কারণে শল্য চিকিৎসার শরণাপন্ন হতে হয় (যেক্ষেত্রে যা প্রযোজ্য) তাহলে এককালীন অর্থ প্রদান

**এ আই/এ এক্স*ঃ** দুর্ঘটনার কারণে অঙ্গহানী ঘটলে অভিহিত মূল্যের ২ গুন পর্যন্ত এককালীন অর্থ প্রদান এবং সাধারণ যাত্রী পরিবহণকারী যানবাহনে ভ্রমণরত অবস্থায় দুর্ঘটনার কারণে মৃত্যু হলে অভিহিত মূল্যের ২ গুণ পর্যন্ত অর্থ প্রদান

**এডিবি*ঃ** দুর্ঘটনার কারণে মৃত্যু হলে অভিহিত মুল্যের ২ গুণ পর্যন্ত অর্থ প্রদান আপনার মূল বীমার সুবিধাদি অপরিবর্তীত রেখেই এই সকল অতিরিক্ত বীমা সুবিধাসমূহ প্রদান করা হবে

***ডব্লিউ পি- ওয়েভার অফ প্রিমিয়াম *এ আই- অ্যাকসিডেন্টাল ইনডেমনিটি *এডিবি- অ্যাকসিডেন্টাল ডেথ বেনেফিট**
***এইচসি- হসপিটাল কেয়ার * সি সি- ক্রিটিক্যাল কেয়ার *এ এক্স- লিমিটেড অ্যাকসিডেন্ট ইন্স্যুরেন্স সার্টিফিকেট**

# সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs)

### এই পলিসিটি কেন কিনব?

আপনি যদি বিভিন্ন প্রয়োজন মেটানোর অর্থ, সুরক্ষা, এবং ভবিষ্যতের সঞ্চয় নিশ্চিত করার মাধ্যমে আপনার জীবনের মানোন্নয়ন করতে চান, তবে এই পলিসিটি আপনার জন্য।

### আমি কি এই পলিসি ক্রয়ের জন্য উপযুক্ত?

কারো বয়স সর্বনিম্ন ৩০ দিন থেকে সর্বোচ্চ ৬০ বছর হয়, তবে আপনি এই পলিসিটি ক্রয়ের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন।

### আমি এই পলিসিটি কীভাবে ক্রয় করতে পারি ?

আপনি যদি এই পলিসি ক্রয়ে আগ্রহী হন, তাহলে নিকটস্থ মেটলাইফ এজেন্সি অফিসে গিয়ে ফিনান্সিয়াল অ্যাসোসিয়েটের সঙ্গে পরামর্শ করতে পারেন (অথবা) আপনি আপনার আগ্রহের ব্যাপারে আমাদের ওয়েবসাইটে www.metlife.com.bd/find-agent গিয়ে জানাতে পারেন ।

### কীভাবে আমি প্রিমিয়ামের অর্থ পরিশোধ করব?

আপনি যদি এই পলিসি ক্রয়ে আগ্রহী হয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে আবেদন ফরম পূরণ করে প্রথম প্রিমিয়ামের অর্থ পরিশোধ করুন। পরবর্তী প্রিমিয়াম পরিশোধের জন্য **প্রিমিয়াম পেমেন্টের মাধ্যমগুলো সম্পর্কে বিস্তারিত জানতে আমাদের ওয়েবসাইট** (https://www.metlife.com.bd/support/pay-premium-home/) **ভিজিট করুন।**

### কভারেজ সময়কালে আমার অর্থের প্রয়োজন হলে কী করব? আমি কি এই পলিসি থেকে কোন লোন নিতে পারব?

হ্যাঁ। আপনি এই পলিসির ক্যাশ ভ্যালুর ৮৫% পর্যন্ত লোন হিসেবে নিতে পারবেন। মেটলাইফ বিল্ডিং, ১৮-২০ মতিঝিল বা/এ ঢাকা-১০০০ বাংলাদেশ অথবা আপনি আমাদের নিকটস্থ কাস্টমার টাচ পয়েন্ট /সেলস অফিসে আপনার পূরণকৃত ফর্মটি জমা দিতে পারেন।

## সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs)

### আমি যদি এই পলিসিটি প্রত্যর্পণ করতে চাই, তাহলে কোন প্রত্যর্পণ মূল্য পাবো কি?

এই পলিসিটি প্রথম দুই বছরের মধ্যে যেকোনো সময় প্রত্যর্পিত হলে কোন প্রত্যর্পণ মূল্য পাওয়া যাবে না। দুই বছর পর যেকোনো সময় প্রত্যর্পণ করা হলে কোন দায় বা লোন থাকলে তা বাদ দিয়ে, বীমাগ্রহীতা বেসিক ক্যাশভ্যালু ও রিভার্শনারি বোনাসের ক্যাশভ্যালু পাবেন। তবে দুই বছর পর প্রত্যর্পণ করলেও পলিসির প্রত্যর্পণ মূল্য জমাকৃত প্রিমিয়ামের চেয়ে কম হতে পারে।

### এই পলিসির অধীনে কীভাবে বীমা দাবি করা যায়?

আপনার পূরণ করা ক্লেইম ফরমটি প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্নলিখিত ঠিকানায় কুরিয়ার করতে পারেন: ক্লেইমস বিভাগ, আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী (মেটলাইফ বাংলাদেশ), মেটলাইফ বিল্ডিং, ১৮-২০ মতিঝিল বা/এ ঢাকা-১০০০ বাংলাদেশ অথবা আপনি আমাদের নিকটস্থ কাস্টমার টাচ পয়েন্ট /সেলস অফিসে আপনার পূরণকৃত ক্লেইম ফর্মটি জমা দিতে পারেন।


এখন, আমাদের গ্রাহকরা অনলাইনে তাদের ক্লেইম জমা দিতে পারবেন। অনলাইনে আপনার বীমা দাবি জমা দিতে এই লিঙ্কে ভিজিট করুন- https://eclaims.metlife.com.bd/public/online/individual-claim-submission

ক্লেইম সম্পর্কিত ফরম এবং প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা আপনি আমাদের ওয়েবসাইটে পাবেন- (https://www.metlife.com.bd/claims/required-documents/)

এই ঠিকানায় আপনি ইমেইল করতে পারেন claimsbangladesh@metlife.com.bd

# ভ্যালু অ্যাডেড সার্ভিসেস

## মেটলাইফ ৩৬০হেলথ অ্যাপ





এটি একটি পূর্ণ হেলথ সল্যুশন, যা গ্রাহকদেরকে স্বাস্থ্য-সুরক্ষা পরামর্শ থেকে শুরু করে, প্রাথমিক চেক-আপ, সহজ চিকিৎসা গ্রহন, নিয়মিত পরামর্শ ও ফলো-আপ এবং আর্থিক সুরক্ষা, প্রতিটি ক্ষেত্রেই জীবনকে সহজ করার জন্য আছে আপনার হাতের মুঠোয়। অ্যাপটির কিছু ফ্রি সার্ভিসেস আপনি এখনই উপভোগ করতে পারবেন। ডাউনলোড করতে **QR** কোডটি স্ক্যান করুন-

*Available at Google Play Store

## মেডিকেল এবং ডায়াগনস্টিক সেবায় ছাড়

মেটলাইফ গ্রাহকগণ অসংখ্য হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার থেকে বিভিন্ন মেডিকেল এবং ডায়াগনস্টিক সেবা গ্রহণের সময় পাবেন সর্বোচ্চ ৪০% পর্যন্ত ছাড়। এই সুবিধার আওতাধীন ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারসমূহের লিস্টটি দেখতে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন-

https://www.metlife.com.bd/support/life-card/life-card-discount-providers-list/







## আয়কর সুবিধা

অন্য সব জীবন বীমার মতই প্রদেয় প্রিমিয়াম আয়কর আইন অনুযায়ী অনুমোদনযোগ্য বিনিয়োগ

## দায় অস্বীকারমূলক বিবৃতি

- এই পলিসিটি আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী ('মেটলাইফ') কর্তৃক অবলিখিত এবং সর্বদা পলিসিতে বর্ণিত শর্তাদি ও শর্তাবলীর অধীনে থাকে।

- এই পুস্তিকার তথ্যসমূহ গ্রাহকদের শুধু সাধারণ ধারণা প্রদানের জন্য ব্যবহৃত হয়েছে। এই পুস্তিকায় প্রদর্শিত মূল্যসমূহ শুধু উদাহরণস্বরূপ ব্যবহার করা হয়েছে। শর্তাদি, শর্তাবলীও ব্যতিক্রমসমূহ বিস্তারিতভাবে বীমা চুক্তিপত্রে অন্তর্ভুক্ত আছে।

- এই পুস্তিকার তথ্য এবং বীমা চুক্তিপত্রের মধ্যে যেকোনো অসামঞ্জস্যতার ক্ষেত্রে, বীমা চুক্তিপত্রটি চূড়ান্ত বলে গণ্য হবে।

- এই পলিসিটি যুক্তরাষ্ট্রে পাওয়া যাবেনা বা যুক্তরাষ্ট্রের ব্যক্তিদের জন্য প্রযোজ্য নয়; এই বক্তব্যের প্রেক্ষিতে একজন যুক্তরাষ্ট্রের ব্যক্তি বলতে যুক্তরাষ্ট্রের একজন নাগরিক বা যুক্তরাষ্ট্রে বসবাসকারী ব্যক্তি (যুক্তরাষ্ট্রের বাইরে বসবাসকারী যুক্তরাষ্ট্রের একজন স্থায়ী বাসিন্দাও এর অন্তর্ভুক্ত), যুক্তরাষ্ট্রের অংশীদারি প্রতিষ্ঠান এবং এমন কোন ট্রাস্ট যা যুক্তরাষ্ট্রের এক বা একাধিক ব্যক্তি কর্তৃক নিয়ন্ত্রিত এবং যা যুক্তরাষ্ট্রের আদালতের তদারকির আওতাভুক্ত।

- যেখানেই ব্যবহৃত হোক "রাইডার" শব্দটি বলতে যেকোনো সম্পূরক চুক্তি(সমূহ)কে বুঝাবে এবং অন্তর্ভুক্ত করবে, যা মূল পলিসির সাথে সংযুক্ত। রাইডার স্বতন্ত্র কোন পণ্য নয় এবং এটি সক্রিয় করতে একটি মূল পলিসির (মূল পলিসির তথ্য/তালিকা মেটলাইফ ফিন্যান্সিয়াল অ্যাসোসিয়েট(দের) কাছে পাওয়া যাবে এবং আবশ্যিক মূল পলিসি(সমূহ) মেটলাইফ কর্তৃক নির্ধারিত হবে) প্রয়োজন হয়। মূল পলিসির সাথে সংযুক্ত রাইডার যদি থাকে, সেই রাইডার এর মেয়াদপূর্তি হওয়ার তারিখে বা পলিসি মেয়াদপূর্তি হওয়ার শেষে, যেটি আগে হয়, স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। সম্পূরক চুক্তি/রাইডার পলিসির মেয়াদকালে বীমা সুরক্ষা দেয় এবং মেয়াদ শেষে কোন মেয়াদপূর্তি মূল্য বা রিটার্ন সরবরাহ করে না।

## মেটলাইফ থ্রি পেমেন্ট প্ল্যান (এমথ্রিপিপি)
## প্রতি ১,০০০ টাকা অভিহিত মূল্যের ক্ষেত্রে মূল বার্ষিক প্রিমিয়াম রেট

| জন্মতারিখের সবচাইতে কাছাকাছি বয়স | পলিসি মেয়াদ | | | | |
|---|---|---|---|---|---|
| | ১২ | ১৫ | ১৮ | ২১ | ২৪ |
| ৩০ দিন - ১০ বছর | ৯৮.৯০ | ৭৮.৮০ | ৬৫.৩০ | ৫৫.৫০ | ৪৮.১০ |
| ১১ | ৯৮.৯০ | ৭৮.৯০ | ৬৫.৩০ | ৫৫.৬০ | ৪৮.২০ |
| ১২ | ৯৮.৯০ | ৭৮.৯০ | ৬৫.৪০ | ৫৫.৬০ | ৪৮.২০ |
| ১৩ | ৯৯.০০ | ৭৯.০০ | ৬৫.৪০ | ৫৫.৭০ | ৪৮.৩০ |
| ১৪ | ৯৯.০০ | ৭৯.০০ | ৬৫.৫০ | ৫৫.৭০ | ৪৮.৩০ |
| ১৫ | ৯৯.১০ | ৭৯.০০ | ৬৫.৫০ | ৫৫.৮০ | ৪৮.৪০ |
| ১৬ | ৯৯.১০ | ৭৯.১০ | ৬৫.৬০ | ৫৫.৮০ | ৪৮.৪০ |
| ১৭ | ৯৯.২০ | ৭৯.১০ | ৬৫.৬০ | ৫৫.৯০ | ৪৮.৫০ |
| ১৮ | ৯৯.২০ | ৭৯.২০ | ৬৫.৭০ | ৫৫.৯০ | ৪৮.৬০ |
| ১৯ | ৯৯.২০ | ৭৯.২০ | ৬৫.৭০ | ৫৬.০০ | ৪৮.৬০ |
| ২০ | ৯৯.৩০ | ৭৯.২০ | ৬৫.৭০ | ৫৬.০০ | ৪৮.৭০ |
| ২১ | ৯৯.৩০ | ৭৯.৩০ | ৬৫.৮০ | ৫৬.১০ | ৪৮.৮০ |
| ২২ | ৯৯.৩০ | ৭৯.৩০ | ৬৫.৮০ | ৫৬.২০ | ৪৮.৯০ |
| ২৩ | ৯৯.৪০ | ৭৯.৪০ | ৬৫.৯০ | ৫৬.৩০ | ৪৯.০০ |

| জন্মতারিখের সবচাইতে কাছাকাছি বয়স | পলিসি মেয়াদ | | | | |
|---|---|---|---|---|---|
| | ১২ | ১৫ | ১৮ | ২১ | ২৪ |
| ২৪ | ৯৯.৪০ | ৭৯.৪০ | ৬৬.০০ | ৫৬.৩০ | ৪৯.১০ |
| ২৫ | ৯৯.৪০ | ৭৯.৫০ | ৬৬.১০ | ৫৬.৫০ | ৪৯.২০ |
| ২৬ | ৯৯.৫০ | ৭৯.৬০ | ৬৬.২০ | ৫৬.৬০ | ৪৯.৪০ |
| ২৭ | ৯৯.৬০ | ৭৯.৬০ | ৬৬.৩০ | ৫৬.৭০ | ৪৯.৬০ |
| ২৮ | ৯৯.৬০ | ৭৯.৮০ | ৬৬.৪০ | ৫৬.৯০ | ৪৯.৮০ |
| ২৯ | ৯৯.৭০ | ৭৯.৯০ | ৬৬.৬০ | ৫৭.১০ | ৫০.১০ |
| ৩০ | ৯৯.৮০ | ৮০.০০ | ৬৬.৭০ | ৫৭.৩০ | ৫০.২০ |
| ৩১ | ১০০.০০ | ৮০.২০ | ৬৬.৯০ | ৫৭.৫০ | ৫০.৫০ |
| ৩২ | ১০০.১০ | ৮০.৪০ | ৬৭.২০ | ৫৭.৮০ | ৫০.৮০ |
| ৩৩ | ১০০.৩০ | ৮০.৬০ | ৬৭.৪০ | ৫৮.১০ | ৫১.১০ |
| ৩৪ | ১০০.৫০ | ৮০.৮০ | ৬৭.৭০ | ৫৮.৪০ | ৫১.৫০ |
| ৩৫ | ১০০.৭০ | ৮১.১০ | ৬৮.০০ | ৫৮.৭০ | ৫১.৯০ |
| ৩৬ | ১০১.০০ | ৮১.৪০ | ৬৮.৩০ | ৫৯.২০ | ৫২.৪০ |
| ৩৭ | ১০১.৩০ | ৮১.৭০ | ৬৮.৭০ | ৫৯.৬০ | ৫২.৯০ |
| ৩৮ | ১০১.৬০ | ৮২.১০ | ৬৯.২০ | ৬০.১০ | ৫৩.৫০ |
| ৩৯ | ১০১.৯০ | ৮২.৫০ | ৬৯.৬০ | ৬০.৬০ | ৫৪.১০ |
| ৪০ | ১০২.৩০ | ৮২.৯০ | ৭০.১০ | ৬১.২০ | ৫৪.৭০ |
| ৪১ | ১০২.৮০ | ৮৩.৫০ | ৭০.৮০ | ৬২.০০ | ৫৫.৬০ |
| ৪২ | ১০৩.৪০ | ৮৪.১০ | ৭১.৫০ | ৬২.৮০ | ৫৬.৫০ |

| জন্মতারিখের সবচাইতে কাছাকাছি বয়স | পলিসি মেয়াদ | | | | |
|---|---|---|---|---|---|
| | ১২ | ১৫ | ১৮ | ২১ | ২৪ |
| ৪৩ | ১০৪.০০ | ৮৪.৮০ | ৭২.৩০ | ৬৩.৬০ | ৫৬.৫০ |
| ৪৪ | ১০৪.৭০ | ৮৫.৬০ | ৭৩.১০ | ৬৪.৬০ | ৫৮.৫০ |
| ৪৫ | ১০৫.৪০ | ৮৬.৪০ | ৭৪.০০ | ৬৫.৬০ | ৫৯.৬০ |
| ৪৬ | ১০৬.১০ | ৮৭.৩০ | ৭৫.০০ | ৬৬.৭০ | ৬০.৮০ |
| ৪৭ | ১০৭.০০ | ৮৮.২০ | ৭৬.১০ | ৬৭.৮০ | ৬২.১০ |
| ৪৮ | ১০৭.৯০ | ৮৯.২০ | ৭৭.২০ | ৬৯.১০ | ৬৩.৫০ |
| ৪৯ | ১০৮.৯০ | ৯০.৩০ | ৭৮.৫০ | ৭০.৫০ | ৬৫.০০ |
| ৫০ | ১০৯.৯০ | ৯১.৫০ | ৭৯.৮০ | ৭২.০০ | ৬৬.৬০ |
| ৫১ | ১১১.১০ | ৯২.৮০ | ৮১.৩০ | ৭৩.৬০ | ৬৮.৩০ |
| ৫২ | ১১২.৩০ | ৯৪.২০ | ৮২.৮০ | ৭৫.৩০ | ৭০.১০ |
| ৫৩ | ১১৩.৭০ | ৯৫.৭০ | ৮৪.৫০ | ৭৭.১০ | ৭২.০০ |
| ৫৪ | ১১৫.১০ | ৯৭.৪০ | ৮৬.৩০ | ৭৯.১০ | ৭৪.১০ |
| ৫৫ | ১১৬.৭০ | ৯৯.২০ | ৮৮.৩০ | ৮১.১০ | ৭৬.৩০ |
| ৫৬ | ১১৮.৪০ | ১০১.১০ | ৯০.৪০ | ৮৩.৪০ | |
| ৫৭ | ১২০.৩০ | ১০৩.০০ | ৯২.৭০ | ৮৫.৮০ | |
| ৫৮ | ১২২.৩০ | ১০৫.৫০ | ৯৫.১০ | ৮৮.৩০ | |
| ৫৯ | ১২৪.৬০ | ১০৭.৯০ | ৯৭.৬০ | ৯১.১০ | |
| ৬০ | ১২৬.৯০ | ১১০.৫০ | ১০০.৪০ | ৯৪.০০ | |

## উদাহরণ

জনাব আরিফ একজন ব্যাংকার। তার বয়স ৩৫ বছর। তিনি ১৮ বছর মেয়াদী মেটলাইফ থ্রি পেমেন্ট প্ল্যান (এমথ্রিপিপি) নিতে চান যার অভিহিত মূল্য ২০,০০,০০০ (বিশ লক্ষ) টাকা। এক্ষেত্রে প্রিমিয়াম কত হবে?

মেটলাইফ থ্রি পেমেন্ট প্ল্যান (এমথ্রিপিপি) অনুযায়ী প্রতি ১,০০০ (এক হাজার) টাকা অভিহিত মূল্যের জন্য জনাব আরিফের প্রিমিয়াম রেট নির্ধারিত হবে ৬৮.০০ (আটষট্টি) টাকা। অর্থাৎ, ২০,০০,০০০ (বিশ লক্ষ) টাকা অভিহিত মূল্যের জন্যঃ

### বার্ষিক প্রিমিয়াম

(২০,০০,০০০ × ৬৮.০০ / ১০০০) + ৭০ = **১,৩৬,০৭০** টাকা

### অর্ধ-বার্ষিক প্রিমিয়াম

(২০,০০,০০০ × ৬৮.০০ / ১০০০) × ০.৫২ + ৩৮.৫ = **৭০,৭৫৮** টাকা

### ত্রৈমাসিক প্রিমিয়াম

(২০,০০,০০০ × ৬৮.০০ / ১০০০) × ০.২৭ + ২৩.৩৩ = **৩৬,৭৪৩** টাকা

### মাসিক প্রিমিয়াম

(২০,০০,০০০ × ৬৮.০০ / ১০০০) × ০.০৯ + ৮.৪ = **১২,২৪৮** টাকা

# মেটলাইফ

MetLife, Inc. (NYSE: MET), এর অঙ্গ প্রতিষ্ঠান এবং সহযোগী প্রতিষ্ঠান ("MetLife") এর সমন্বয়ে বিশ্বের অন্যতম একটি আর্থিক সেবা প্রদানকারী কোম্পানি যা তার ব্যক্তি এবং প্রাতিষ্ঠানিক গ্রাহকদের বীমা, অ্যানুইটি, গ্রুপ বীমা ও সম্পদ ব্যবস্থাপনা সেবা প্রদানের মাধ্যমে পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে সাহায্য করে। ১৮৬৮ সালে প্রতিষ্ঠিত মেটলাইফ বিশ্বের ৪০ টিরও বেশি দেশে কার্যক্রম পরিচালনা করছে এবং যুক্তরাষ্ট্র, জাপান, লাতিন আমেরিকা, এশিয়া, ইউরোপ ও মধ্যপ্রাচ্যের বাজারে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে। আরো তথ্যের জন্য, www.metlife.com দেখুন।

বাংলাদেশে মেটলাইফ ১৯৯৭ সাল থেকে শীর্ষস্থানীয় জীবনবীমাকারী। কোম্পানিটি বাংলাদেশে ১০ লাখেরও বেশি স্বতন্ত্র গ্রাহক এবং ৮০০-র ও বেশি প্রাতিষ্ঠানিক গ্রাহককে সেবা প্রদান করে চলেছে।

মেটলাইফ বাংলাদেশের জনগণকে উদ্ভাবনীমূলক, গ্রাহক কেন্দ্রিক পণ্য, যেমন: ব্যক্তিগত ও গোষ্ঠী জীবনবীমা, পেনশন স্কিম, শিশুদের জন্য শিক্ষা বীমা, শরীয়াহ ভিত্তিক (তাকাফুল) বীমা স্কিম এবং দুর্ঘটনা ও স্বাস্থ্য বীমা পণ্যের মাধ্যমে আর্থিক সুরক্ষা প্রদান করে। এই সমাধানগুলি গ্রাহকদের ক্রমবর্ধমান চাহিদা অনুসারে ডিজাইন করা হয়েছে।

নেতৃস্থানীয় জীবনবীমা কোম্পানি হিসেবে মেটলাইফ দেশের বীমা খাত, অর্থনীতি এবং সম্প্রদায়ে ইতিবাচকভাবে অবদান রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। মেটলাইফ বাংলাদেশের অন্যতম বৃহৎ কর প্রদানকারী প্রতিষ্ঠান এবং সর্বোচ্চ 'AAA' ক্রেডিট রেটিং অর্জনকারী প্রতিষ্ঠান।

**হটলাইন: ১৬৩৪৪ অথবা ০৯৬৬৬৭১৬৩৪৪**

**ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৮৬৮২**

**www.metlife.com.bd**

**american.life@metlife.com.bd**

আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী, মেটলাইফ বিল্ডিং, ১৮-২০ মতিঝিল বা/এ, পি.ও বক্স ৯, ঢাকা-১০০০, বাংলাদেশ।

আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী যুক্তরাষ্ট্রে লিমিটেড কোম্পানি হিসেবে নিগমিত।

মেটলাইফের সকল আপডেট পেতে এই মাধ্যমগুলিতেও আমাদের সাথে থাকুন :

AS/2023/07/001/M3PP/JP-20,000